Lens Asia

১ আগস্ট, ২০২৫

# রাজনৈতিক সংশ্লিষ্টতা ও অনুপস্থিতির অভিযোগে সেনা কর্মকর্তার বিরুদ্ধে দুই তদন্ত আদালত




সংগৃহীত ছবি

রাজনৈতিক সংশ্লিষ্টতার অভিযোগে সেনা হেফাজতে নেওয়া সেনা কর্মকর্তার বিরুদ্ধে দুটি পৃথক তদন্ত আদালত গঠন করা হয়েছে বলে জানিয়েছে আন্তঃবাহিনী জনসংযোগ পরিদপ্তর (আইএসপিআর)। শুক্রবার (১ আগস্ট) সকালে পাঠানো এক প্রেস বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়।

বিজ্ঞপ্তিতে বলা হয়, ১৭ জুলাই ওই কর্মকর্তাকে নিজ বাসা থেকে আটক করে সেনা হেফাজতে নেওয়া হয়। প্রাথমিক তদন্তে তার বিরুদ্ধে অভিযোগের সত্যতা মিলেছে। এরপর সুষ্ঠু ও নিরপেক্ষ অনুসন্ধানের জন্য একটি তদন্ত আদালত গঠন করা হয়েছে।

এছাড়া, কর্মস্থলে অনুপস্থিত থাকার অভিযোগে আরেকটি তদন্ত আদালত গঠিত হয়েছে। উভয় মামলার তদন্ত শেষে আইনি প্রক্রিয়ায় যথাযথ ব্যবস্থা নেওয়া হবে বলে জানিয়েছে আইএসপিআর।

প্রসঙ্গত, সাম্প্রতিক সময়ে মেজর সাদিক নামে ওই সেনা কর্মকর্তার বিরুদ্ধে আওয়ামী লীগ কর্মীদের প্রশিক্ষণ দেওয়ার অভিযোগ উঠে, যা নিয়ে ব্যাপক আলোচনার সৃষ্টি হয়।

LENS ASIA